



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/সিরাজগঞ্জ-৩১/৮৪

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩০  
১০ মে ২০২৩

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে


সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/সিরাজগঞ্জ-৩১/৩৩৫; তারিখ: ২৪/০৮/২০২২ খ্রি.  
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৩.৮৮৯৪.০০৬.০৫.০০৪.২০-২৬৪; তারিখ: ০৭/০৩/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন মনোহরা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম হয়েছে মর্মে জনৈক মোঃ সাহেব আলী একখানা অভিযোগপত্র দাখিল করেছেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জকে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২ নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায়, ম্যানেজিং কমিটির মনোনিত সভাপতি একজন সাজাপ্রাপ্ত আসামী। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর ১১ (ঘ) এর ধারা অনুযায়ী কোন দস্তপ্রাপ্ত আসামী প্রতিষ্ঠানের সদস্য হতে পারে না মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনের আলোকে ম্যানেজিং কমিটির সভাপতি একজন সাজাপ্রাপ্ত আসামী প্রমাণিত হওয়ায় অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি পদটি কেন বাতিল করা হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২০.০৫.২৩

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার  
ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

- ১। সভাপতি (ম্যানেজিং কমিটি)  
মনোহরা দাখিল মাদ্রাসা  
ডাকঘর: বালসাবাড়ী, উপজেলা: উল্লাপাড়া, জেলা: সিরাজগঞ্জ;
- ২। সুপার/ভারপ্রাপ্ত সুপার  
মনোহরা দাখিল মাদ্রাসা  
ডাকঘর: বালসাবাড়ী, উপজেলা: উল্লাপাড়া, জেলা: সিরাজগঞ্জ;

নং-বামাশিবো/প্রশা/সিরাজগঞ্জ-৩১/৮৪

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩০  
১০ মে ২০২৩


সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।



মোঃ ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)

  
২০/৫/২৩